দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 31 MAR 2015 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

# রাজধানীতে তিনটি পাবলিক টয়লেটের ভিত্তিপ্রস্তর স্থাপন

রাজধানীতে পরিকল্পিত স্যানিটেশন ব্যবস্থা গড়ে তোলার উদ্যোগের অংশ হিসেবে রবিবার নাবিস্কো মোড়, তেজগাঁও ট্রাক স্ট্যান্ড ও ফার্মগেট ইন্দিরা রোডে তিনটি পাবলিক টয়লেটের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। নগরীর এসব পাবলিক টয়লেটের নির্মাণকাজ উদ্বোধন করেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক ড. রাখাল চন্দ্র বর্মণ। এ সময় তিনি সকলের জন্য, বিশেষ করে পথচারী ও নিত্যযাত্রীদের জন্য পরিকল্পিত স্যানিটেশন ব্যবস্থা গড়ে তোলার আশা প্রকাশ করেন। -বিজ্ঞপ্তি